



এইচএসসি : কুমিল্লা বোর্ডে পাসের হার ৫০.৮৩

স্টাফ রিপোর্টার : কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফল শনিবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৫০ দশমিক ৮৩ ভাগ। এবার ১ লাখ ১৫ হাজার ৩শ ৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ১২ হাজার ৬শ ৩৬ জন পরীক্ষায় অংশ নেন। এর মধ্যে ৭ হাজার ৮শ ৯২ জন প্রথম বিভাগ, ৩৭ হাজার ৫শ ৩৪ জন দ্বিতীয় বিভাগ, এবং ১১ হাজার ৮শ ২৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৫৭ হাজার ২শ ৪৯।

বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান গ্রুপে ১৯ হাজার ৮শ ৮৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১৯ হাজার ৫শ ৯৯ জন অংশ নেন। এর মধ্যে ৫ হাজার ৭শ ৬৭ জন প্রথম বিভাগ, ৬ হাজার ৯শ ৬০ জন দ্বিতীয় বিভাগ ও ৪শ ১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ৫০ দশমিক ৯৮ ভাগ।

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

এইচএসসি : কুমিল্লা বোর্ডে পাসের হার ৫০.৮৩

মানবিক গ্রুপে ৭৪ হাজার ৫শ ২০ জন পরীক্ষার্থীর মধ্যে ৭২ হাজার ৫শ ৪৯ জন অংশ নেন। এর মধ্যে ১ হাজার ২শ ৫৪ জন প্রথম বিভাগ, ২২ হাজার ১শ ৬৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৯ হাজার ৮৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৪৪ দশমিক ৮০ ভাগ।

বাণিজ্য গ্রুপে ২০ হাজার ৯শ ৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে ২০ হাজার ৪শ ৮৮ জন অংশ নেন। এর মধ্যে ৮শ ৭১ জন প্রথম বিভাগ, ৮ হাজার ৪শ ৭ জন দ্বিতীয় বিভাগ ও ২ হাজার ৩শ ৩৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ৫৬ দশমিক ৭০ ভাগ।

বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান গ্রুপে প্রথম স্থান অধিকার করেছেন ফৌজদারহাট ক্যাডেট কলেজের আসিফ মাহবুব। তিনি চারটি বিষয়ে লেটারসহ মোট ৯৩২ নম্বর পেয়েছেন। দ্বিতীয় স্থান অধিকার করেছেন কুমিল্লা ক্যাডেট কলেজের মোহাম্মদ মহিউদ্দিন। তিনি চারটি লেটারসহ মোট ৯২৪ নম্বর পেয়েছেন। তৃতীয় স্থান অধিকার করেছেন ফৌজদারহাট ক্যাডেট কলেজের মোহাম্মদ রাশেদুজ্জামান। তিনি চারটি লেটারসহ মোট ৯০৬ নম্বর পেয়েছেন।

মানবিক বিভাগে প্রথম স্থান অধিকার করেছেন সিলেট ক্যাডেট কলেজের শাহনুর আহমেদ খান। তিনি তিনটি বিষয়ে লেটারসহ মোট ৮৫৭ নম্বর পেয়েছেন। দ্বিতীয় স্থান অধিকার করেছেন চট্টগ্রাম কলেজের মোহাম্মদ হাফিজ উদ্দিন ভূঁইয়া। তিনি তিনটি বিষয়ে লেটারসহ মোট ৮২৫ নম্বর পেয়েছেন। তৃতীয় স্থান অধিকার করেছেন চট্টগ্রাম কলেজের মৌসুমী জহর। তিনি তিনটি বিষয়ে লেটারসহ মোট ৮১২ নম্বর পেয়েছেন।

বাণিজ্য বিভাগে প্রথম স্থান অধিকারী হচ্ছেন চট্টগ্রাম পার্বণিক স্কুল ও কলেজের কাজী ফারহানা হক। তিনি দুটি বিষয়ে লেটারসহ মোট ৭৮৯ নম্বর পেয়েছেন। দ্বিতীয় হয়েছেন কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের মোহাম্মদ সাইফুল হাসান। তিনি দুটি বিষয়ে লেটারসহ মোট ৭৫৪ নম্বর পেয়েছেন। তৃতীয় স্থান অধিকার করেছেন সরকারী কমার্স কলেজের সেহেলী পারভিন। তিনি দুটি বিষয়ে লেটারসহ মোট ৭৪৯ নম্বর পেয়েছেন।

নামকরা কলেজগুলোই শীর্ষে

অপেক্ষাকৃত নামকরা ও প্রতিষ্ঠিত কলেজের ছাত্র-ছাত্রীরাই এবারের কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষায় সবচেয়ে ভাল করেছেন। এই বোর্ডের তিনটি গ্রুপের সম্মিলিত মেধা তালিকায় প্রথম থেকে ২০তম স্থান অধিকার করেছেন মোট ৬৭ জন ছাত্র-ছাত্রী। এর মধ্যে নামকরা ও প্রতিষ্ঠিত কলেজের ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৫০ জন। মাত্র ৪/৫টি কলেজই মেধা তালিকায় শীর্ষে রয়েছেন।

মানবিক গ্রুপের মেধা তালিকায় চট্টগ্রাম কলেজ সবার শীর্ষে। এই গ্রুপের প্রথম থেকে ২০তম পর্যন্ত মোট ২১ জন মেধা তালিকায় স্থান অধিকার করেছে। তার মধ্যে ১২ জনই চট্টগ্রাম কলেজ থেকে উত্তীর্ণ। তেমনি বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান গ্রুপে প্রথম থেকে ২০ তম পর্যন্ত মেধা তালিকায় রয়েছেন ৩১ জন। এর মধ্যে ১৩ জন কুমিল্লা ক্যাডেট কলেজের ও চারজন সিলেট ক্যাডেট কলেজের ছাত্র। বাণিজ্য গ্রুপে প্রথম থেকে ২০তম স্থান অধিকার করেছেন ২৫ জন। এর মধ্যে চারজন চট্টগ্রাম সরকারী কলেজ ও চারজন চট্টগ্রাম ভারসিটি কলেজের।